ইত্তেফাক

তারিখ 18 JAN 1986
পৃষ্ঠা ... ৮ ...

000616

# সাধারণ বিদ্যালয় শিক্ষার্থী পাইতেছে না

( ইত্তেফাক রিপোর্ট )

রাজধানীর অপেক্ষাকৃত অনুজ্জ্বল নামের বিদ্যালয়গুলি নূতন ভর্তির ক্ষেত্রে প্রার্থিত ছাত্র-ছাত্রী পাইতেছে না। অন্যদিকে নামী বিদ্যালয়গুলি বিশেষভাবে সরকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ভীড় বাড়িয়াই চলিয়াছে।

(১২শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## শিক্ষার্থী পাইতেছেনা

(১ম পৃঃ পর)

ধানমণ্ডী সরকারী বালক উচ্চ বিদ্যালয়ে যেখানে প্রতিটি খালি আসনের জন্য কোন কোন ক্ষেত্রে ৮টির বেশী আবেদনপত্র পড়িয়াছে. সেখানে চারশত গজ পূর্বদিকে ও চারশত গজ পশ্চিমদিকে অবস্থিত লালমাটিয়া।

( ৮ম পৃঃ দ্রঃ )

## শিক্ষার্থী পাইতেছেনা

( ১ম পৃঃ পর )

হাউজিং সোসাইটি হাইস্কুল এবং রাজধানী হাইস্কুলের বিভিন্ন ক্লাসের খালি আসনের বেশীর ভাগের জন্যই আবেদন আসে নাই। ১৯৬২ সনে প্রতিষ্ঠিত রাজধানী উচ্চ বিদ্যালয়ে প্রথম শ্রেণীতে খালি আসন পঞ্চাশটি কিন্তু ভর্তি পরীক্ষা দিয়াছে মাত্র ১৫ জন। অন্যান্য শ্রেণীতে খালি আসন ও ভর্তিচ্ছু সংখ্যা যথাক্রমে নিম্নরূপ ঃ দ্বিতীয়—২২/৮, তৃতীয়—১৯/৬, চতুর্থ—৪/১১, পঞ্চম—১১/১৪, ষষ্ঠ—২৬/৩১, সপ্তম—৩৯/১৮, অষ্টম—৪৭/১৮, নবম—৪৩/২৮, এবং দশম—৬/৬। এখানে বর্তমানে ছাত্রসংখ্যা ৪ শত ৫৬। সাড়ে ৫ শত ছাত্র অন্যান্য সময় থাকে বলিয়া প্রধান শিক্ষক জানান। শিক্ষক রহিয়াছেন ১৫ জন, আরও তিনজন নেওয়ার চেষ্টা চলিতেছে। কাঙ্ক্ষিত ছাত্র না পাওয়ার জন্য এখানে ভর্তির দ্বার উন্মুক্ত রাখা হইয়াছে, যখনই পাওয়া যাইবে তখনই ভর্তি করা হইবে।

লালমাটিয়া হাউজিং সোসাইটি হাইস্কুলটিরও একই ১৯৬২ সনে প্রতিষ্ঠিত এবং প্রায় একই দশায়। তখনকার পঞ্চম শ্রেণীর সত্তরটি খালি আসনে দরখাস্ত পড়িয়াছে মাত্র ১২টি। অন্যান্য শ্রেণীতে খালি আসন ও আবেদনকারীর সংখ্যা যথাক্রমে ঃ প্রথম-চল্লিশ/২৫, দ্বিতীয়-১২/৪, তৃতীয়-১৬/৭, চতুর্থ-১৬/৯, ষষ্ঠ-ষাট/৪৫ সপ্তম, তিরিশ/৯ অষ্টম-ষাট/১৪, নবম-চল্লিশ/২৮, দশম-৩৭/১৮। এখানে দুইশিফটে বর্তমানে ছাত্রসংখ্যা প্রায় ৬ শত। খালি আসনগুলি পূরণ হইলে ছাত্রসংখ্যা দাঁড়াইবে প্রায় এক হাজার। শিক্ষক রহিয়াছেন ২২ জন।

অভিজ্ঞ শিক্ষকদের মতে, অপেক্ষাকৃত অনুজ্জ্বল নামের স্কুলগুলি সরকারী আনুকূল্যের অভাবে পর্যাপ্ত শিক্ষা উপকরণ সুযোগ বঞ্চিত হওয়ায় এবং অভিভাবকদের ভিন্ন মানসিকতায় প্রতিবছর ভাল ছাত্র হারাইতেছে। এই সকল স্কুলের বার্ষিক পরীক্ষায় কোন ছাত্র প্রথম কাতারে উত্তীর্ণ হইলেই অপেক্ষাকৃত জনপ্রিয় এবং নামী স্কুলের দিকে ছুটে। ঐ সকল নামী স্কুলে ভর্তি হইতে ব্যর্থ হইলেই কেবল অনুজ্জ্বল পরিচিতির স্কুলে ফিরিয়া আসে। ইহার ফলে শেষোক্ত বিদ্যালয়গুলি কেবলই মেধাবী ছাত্র হারাইতে হারাইতে এবং সরকারী আনুকূল্যের অপর্যাপ্ততার ফলে কোণঠাসা হইয়া একেবারে 'খারাপ' স্কুলের বদনাম মাথায় লইয়া টিকিয়া আছে। পাশাপাশি এই সকল স্কুলে অর্থাভাবের কারণে ছাত্র বেতন বেশী, সরকারী স্কুলগুলির বেতনের চাইতে তিনশত হইতে পাঁচশত ভাগ বেশী। ইহাতেও অনেক দরিদ্র অভিভাবক সরকারী স্কুলে বেশী ভীড় জমায়। শিক্ষকদের মান এবং পর্যাপ্ত উপকরণ সুবিধাও ঐগুলিতে ভীড়ের অন্যতম কারণ।